# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**21 MARCH 2025 7:45—7:55 PM IST**

==========================================================

আজকের বিশেষ বিশেষ খবর হলো

---------------------------------------------------------

১) রাজ্যসভার সাংসদ সুধাংশু ত্রিবেদীর ধুবরী জেলাকে নিয়ে করা বিরুপ মন্তব্যের বিরোধীতা করে আজ রাজ্য বিধানসভায় বিরোধী সাংসদের বিরুদ্ধে অনস্থা প্রস্তাব উথ্বাপন ২) বিধানসভায় আজ চারটি নতুন বিল ও এগারোটি সংশোধনী বিল সহ মোট ১৫ টি বিল উথ্বাপন ।

৩) হাইলাকান্দি শহরের ১ নম্বর ওয়ার্ডের রংমাই নাগা সম্প্রদায়ের ৩৫ টি পরিবারকে জমির পাট্টা প্রদান ।

এবং

৪) শিলচর এন আই টির ইলেক্টিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রথম বর্ষের এক ছাত্রীর উথ্বাপিত শ্লীলতাহানির অভিযোগের ভিত্তিতে এক অধ্যাপক গ্রেপ্তার ।

---------------------------------------------------------------------------------

আসাম বিধানসভায় আজ বিরোধী দলনেতা দেবব্রত শইকীয়া বিজেপির রাজ্যসভার সাংসদ সুধাংশু ত্রিবেদী গতকাল রাজ্যসভায় ধুবরী জেলাকে বাংলাদেশের অংশ বলে করা মন্তব্যের বিরোধীতা করে সাংসদের বিরুদ্ধে একটি অনস্থা প্রস্তাব উথ্বাপন করেন । সভার শূন্যকালে বিষয়টি উথ্বাপন করে বিরোধী দলনেতা শ্রী শইকীয়া বলেন যে ধুবরী জেলা থেকে বেশ কিছু সংখ্যক স্বাধীনতা সংগ্রামী দেশের জন্য স্বাধীনতা সংগ্রামে অংশ গ্রহণ করেছিলেন এবং সাংসদের এধরণের মন্তব্য সমগ্র ধুবরীবাসী সহ রাজ্যবাসীকে ও অপমানিত করেছে ।যদি কোনো বাংলাদেশী নাগরিক জেলায় থেকে থাকে তাহলে তাদেরকে শনাক্ত করে বহিষ্কার করা কেন্দ্রীয় সরকারের দায়িত্ব বলে শইকীয়া মন্তব্য করেন ।অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী দেবব্রত শইকীয়ার প্রস্তাব অগ্রাহ্য করে বলেন যে এই

বিষয়টি নিয়ে পরবর্তী সময়ে আলোচনা করা হবে । এরপর বিরোধী দলপতি সমগ্র রাজ্যজুড়ে গতকাল প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীনের অনুদান পত্রপ্রদান অনুষ্ঠানে বটদ্রবার বিধায়ক শিরমণি বরাকে আমন্ত্রন না করার জন্য সরকারের বিরুদ্ধে বিশেষাধিকার ভংগের অভিযোগ তোলেন ।এই বিষয়টি নিয়ে সভায় বহু সময় ধরে শাসক বিরোধীর মধ্যে তর্ক বিতর্ক চলে ।এদিকে জলসেচ বিভাগ ও নালা নর্দামায় জমা জল তথা আবর্জনা নিষ্কাষণের জন্য  ব্যবহার করা সুপার সকার বাহন ক্রয়ের ক্ষেত্রে অনিয়ম অভিযোগ তুলে বিরোধীপক্ষ সভা স্থগিত প্রস্তাব উত্থাপন করে । অধ্যক্ষ এই প্রস্তাব নাকচ করায় বিরোধী পক্ষের সদস্যরা এই বিষয়টির জন্য একটি সভা কমিটি গঠন করতে দাবী জানায় ।কংগ্রেস , এ আই ইউ ডি এফ ,সি পিএম ও রাইজর দল কমিটি গঠনের প্রতি সমর্থন জানায় । অধক্ষ্য এই বিষয়টির প্রতি মত পোষন না করায় বিরোধী পক্ষের সদস্যরা প্লেকার্ড নিয়ে সভায় মধ্যে ধর্না দিতে শুরু করে ।

---------------------------------------------------------------------------------

আসাম বিধানসভায় আজ চারটি  নতুন বিল ও এগারোটি সংশোধনী বিল সহ মোট ১৫ টি বিল উত্থাপন করা হয় । শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু মহাবিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয়ে নতুনকরে উন্নীত করা গুরুচরণ বিশ্ববিদ্যালয় , বঙাইগাও বিশ্ববিদ্যালয় , জগন্নাথ বরুয়া বিশ্ববিদ্যালয় , নগাও বিশ্ববিদ্যালয় , নর্থ লক্ষ্মীমপুর বিশ্ববিদ্যালয় , শিবসাগর বিশ্ববিদ্যালয় ,শহীদ কনকলতা বরুয়া বিশ্ববিদ্যালয় ও কোকরাঝার বিশ্ববিদ্যালয়ের জন্য মোট ৮ টি সংশোধনী বিল উত্থাপন করেন । এই সংশোধনের মাধ্যমে নতুনকরে বিশ্ববিদ্যালয়ে উন্নীত হোয়া শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে প্রথম উপাচার্য নিয়োগ করা হবে । ডা: পেগু বিধানসভায় আসাম ব্যাক্তিগত বিশ্ববিদ্যালয় সংশোধনী বিল উত্থাপন করেন ।এই সংশোধনী বিলে ব্যাক্তিগত বিশ্ববিদ্যালয়গুলিতে নতুন কারিগরী ও চিকিৎসা বিজ্ঞান পাঠ্যক্রম প্রণয়নে নিষেধাজ্ঞা জারি করা সহ ধর্মান্তকরণমূলক কার্যকলাপের ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে । এছাড়া এই বিলে প্রতি তিনবছর পর পর ব্যাক্তিগত বিশ্ববিদ্যালয়গুলি সরকারী আধিকারিকরা পরিদর্শন করবেন বলে উল্লেখ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

আসামে কর্কট রোগের প্রাদুর্ভাব ক্রমশ বৃদ্ধি পাওয়ার প্রতি লক্ষ্য রেখে রাজ্য সরকারের স্বাস্থ্য বিভাগের অধীনে আসাম কেন্সার কেয়ার ফাউন্ডেশন , জাতীয় স্বাস্থ্য অভিযান এবং টাটা ট্রাষ্টের সহযোগিতায় এই রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য প্রয়াস অব্যাহত রেখেছে ।বিধানসভায় আজ একথা জানিয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী অশোক সিংহল বলেন যে এই রোগ প্রতিরোধ করার জন্য রাজ্যের প্রত্যেকটি জেলায়

জনসাধারণ কে সচেতন করার উদ্দেশ্যে প্রচার ও প্রসার কার্যসূচী রূপায়ন করা হচ্ছে ।তিনি বলেন যে ৩০ বছরের উর্দ্ধের ব্যক্তিদের জন্য তিনটি সাধারণ কর্কট রোগের পরীক্ষার ব্যবস্থা রয়েছে ।এছাড়া মহিলাদের স্তন পরীক্ষার সঠিক পদ্ধতি শেখানোর জন্য নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে এবং আয়ুষ্মান আরোগ্য মন্দিরে আগাম এই রোগ শনাক্ত করার জন্য স্বাস্থ্য পরীক্ষা করার সুবিধা রয়েছে বলেও শ্রী সিংহল জানান ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বিরোধী দলগুলিকে লোকসভায় কৃষি সম্পর্কে আলোচনা করার সময় সহযোগীতা করতে আহ্বান জানিয়েছেন । তিনি বলেন যে সভায় এই বিষয়ে আলোচনা হলে কৃষকদের কল্যাণের জন্য গ্রহণ করা পদক্ষেপগুলি এগিয়ে নিয়ে যাওয়া যাবে । সভার বাইরে আজ সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় কেন্দ্রীয় মন্ত্রী বলেন কেন্দ্রীয় সরকার কৃষক সম্পর্কিত বিষয়গুলি আলোচনা করতে সবসময় প্রস্তুত রয়েছে ।কৃষকদের কল্যাণের বিষয়টি নরেন্দ্র মোদী সরকার অগ্রাধিকার দিয়ে আসছে বলে তিনি মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------

আজ আন্তর্জাতিক বন দিবস । বন সংরক্ষণের প্রতি জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে প্রতি বছর ২১ শে মার্চ এই দিবস পালন করা হয় ।পৃথিবীকে চির সবুজ রাখার প্রতিজ্ঞা করে আজ দেশের বিভিন্ন স্থানে এই দিবস উপলক্ষে নানা কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি শহরের  এক নম্বর ওয়ার্ডের রংমাই নাগা সম্প্রদায়ের ৩৫টি পরিবারকে জমির পাট্টা প্রদান করা হয়েছে । রাজ্যের রাজস্ব এবং দূর্যোগ মোকাবিলা বিভাগ সম্প্রতি এক বিজ্ঞপ্তী জারি করে জানিয়েছে যে ৪৯৮টি জমি সংক্রান্ত আবেদনের নিষ্পত্তি করা হয়েছে । এরমধ্যে কাছাড় জেলার ১২১টি এবং হাইলাকান্দির ১৬টি আবেদন রয়েছে ।

আমাদের সংবাদাতার সঙ্গে কথা বলতে গিয়ে রংমাই নাগা সম্প্রদায়ের পক্ষে স্থানীয় যুবক জমপা কাবুই বলেন যে ১৯৫৩ সাল থেকে রংমাই নাগা সম্প্রদায়ের লোকেরা হাইলাকান্দি শহরে বসবাস করলেও তাদের হাতে জমির পাট্টা ছিল না । মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার প্রত্যক্ষ সুপারিশে তারা জমির পাট্টা পেয়েছেন বলে শ্রী কাবুই জানান ।

---------------------------------------------------------------------------------------

শিলচর জাতীয় প্রযুক্তি প্রতিষ্ঠান (এন আই টি)'র ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রথম বর্ষের এক ছাত্রীর উত্থাপন করা শ্লীলতা হানির অভিযোগে অধ্যাপক ডঃ ডি কোটেশ্বর রাজুকে চাকুরী থেকে সাময়িক বরখাস্থ করা হয়েছে । এন আই টি কর্তৃপক্ষ ঐ ছাত্রীর অভিযোগের ভিত্তিতে এই সিদ্ধান্ত গ্রহণ করে । এদিকে এই অভিযোগকে কেন্দ্র করে গতকাল গভীর রাতে অভিযুক্ত অধ্যাপকের শাস্তির দাবীতে এন আই টি ক্যাম্পাসে ছাত্রছাত্রীরা তীব্র প্রতিবাদ সাব্যস্ত করে ।এন আই টির আভ্যন্তরীণ অভিযোগ কমিটি অভিযুক্ত অধ্যাপকের বিরুদ্ধে তদন্ত প্রক্রিয়া আরম্ভ করেছে ।এই বিষয়ে এন আই টি কর্তৃপক্ষ আমাদের আকাশবাণীর সংবাদদাতাকে জানান -----------বাইট

এদিকে এই মাত্র পাওয়া খবরে জানা গেছে যে অভিযুক্ত অধ্যাপককে গ্রেপ্তার করে শিলচর সদর থানায় নিয়ে আসা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর , গুয়াহাটী এবং তেজপুরে শীঘ্র ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি প্রতিষ্ঠান ভারতীয় এ আই মিশনের অধীনে তিনটি তথ্য ও কৃত্রিম বুদ্ধিমত্তা প্রয়োগশালা স্থাপন করা হবে ।এই প্রয়োগশালা রাজ্যের শিক্ষার মান উন্নত করা , কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়ক গবেষণা , আবহাওয়ার পূর্বাভাষ ইত্যাদি কাজে ব্যবহার করা সহ এই প্রয়োগশালার মাধ্যমে রাজ্যের সব আই টি আই , পলিটেকনিক এবং ইঞ্জিনিয়ারিংয়ের শিক্ষার্থীদের কৃত্রিম বুদ্ধিমত্তা ও তথ্য বিজ্ঞান বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে ।বন্যার আগাম পূর্বাভাষ , কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্যে কৃষির উৎপাদন বৃদ্ধি ইত্যাদি সুবিধা সহ স্থানীয় ষ্টার্ট আপ প্রতিষ্ঠান এবং উদ্যমীদের জন্য এই বিশেষ ব্যবস্থা সহায়ক হবে বলে আশা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

আজ বিশ্ব কবিতা দিবস । লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে এবং চন্দ্রালোক সাহিত্য পরিষদের সহযোগীতায় আজ লালা উচ্চতর মাধ্যমিক ও বহুমূখী বিদ্যালয়ে বহু ভাষিক কবি সম্মেলন ও সংবর্ধনা সভার আয়োজন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ বরাক উপত্যকার ১৯ জন কবিকে সংবর্ধনা জানানো হয়েছে । পরে লালা বহুমূখী বিদ্যালয়ের অধ্যক্ষ রথীন্দ্র নাথের পৌরহিত্যে আয়োজিত সভায় বিশ্ব কবিতা দিবসের প্রাসঙ্গিকতা নিয়ে কবি হিফজুর রহমান লস্কর , ইয়াহিয়া বড়ভুইয়া ,নরুল মজুমদার প্রমূখ বক্তব্য রাখেন ।

এছাড়া বিশিষ্ট কবি মোইরেংজম দেব সুব্রাম সিংহ ,প্রবাহের সম্পাদক আশিস রঞ্জন নাথ , সাঁকোর সম্পাদক সুশান্ত মোহন চট্টোপাধ্যায় সহ বহু কবি স্বরচিত কবিতা পাঠ করেন ।

এদিকে লায়ন্স ক্লাব অব শিলচর ভ্যালি ভিউ-এর ব্যবস্থাপনায় আজ বিকেলে শিলচর পার্ক রোডে বিশ্ব কবিতা দিবস পালন করা হয়েছে ।

বরাক নাগরিক সংসদ তথা বরাক সাহিত্য সাংস্কৃতিক সংসদের উদ্যোগে আজ বিকেলে শিলচর প্রেস ক্লাবে বিশ্ব কবিতা দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে শান্তি ও ঐক্যের জন্য কবিতা শীর্ষক বিষয়ের উপর একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় জমির রাজস্ব সংগ্রহের জন্য গত ২০ মার্চ থেকে বিশেষ খাজনা আদায় শিবির শুরু হয়েছে । জেলার তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামীকাল বড়খলা গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে , আগামী রবিবার ছেছড়ি গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০ থেকে তিনটে পর্য্যন্ত চলবে ।

-------------------------------------------------------------------------------------